# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মজলিসের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মজলিসে এসে কাউকে উঠিয়ে তার জায়গায় বসবেন না, কাউকে বসাবেন না

কেউ কোন প্রয়োজনে উঠে গেলে এবং পুনরায় সে ফিরে আসবে বলে মনে হলে তার জায়গাতেও বসবেন না। কারণ সেটা তার জায়গা, সেই তার বেশী হকদার।

আল্লাহর রসূল (ﷺ) বলেন, ‘‘যখন কোন ব্যক্তি তার বসার জায়গা থেকে উঠে যায়, অতঃপর সে ফিরে আসে, তখন সেই তার বেশী হকদার হয়।’’[1]

আব্দুল্লাহ বিন উমার (রাঃ) বলেন, রাসুল (ﷺ) কোন লোককে তার বসার জায়গা থেকে উঠাতে এবং তার জায়গায় অন্যকে বসতে নিষেধ করেছেন। বরং তোমরা সরে সরে বসে (মজলিস) প্রশস্ত কর।

ইবনে উমার (রাঃ) কোন লোককে উঠিয়ে তার জায়গায় বসতে অপছন্দ করতেন।[2]

যাতে মুসলিম ভায়ের প্রতি কুধারণা ও ঘৃণা না জন্মে, তাই সর্বাঙ্গসুন্দর ইসলামের এই সুন্দর ব্যবস্থা।

কিন্তু কেউ যদি আপনাকে দয়া অথবা সম্মান প্রদর্শন করে নিজ জায়গা ছেড়ে দেয়, তাহলে সেই জায়গায় বসা হারাম নয়। তবে যদি বুঝতে পারেন যে, সে হয়তো মনে মনে কষ্ট পাবে অথবা তার অবস্থা দেখে আন্দাজ করতে পারেন যে, তার মন হয়তো চায় না ঐ জায়গা ছাড়তে, তাহলে সেখানে না বসে অন্য জায়গায় বসে যান। সেটাই হবে সবার জন্য উত্তম।

উল্লেখ্য যে, বিশেষ করে জুমআর দিন মসজিদে প্রথম কাতারে মুসাল্লা বা রুমাল ইত্যাদি বিছিয়ে জায়গা দখল করা বৈধ নয়। প্রথম প্রথম যে আসবে সেই সে জায়গার অধিক হকদার।

## ফুটনোট

[1]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ৭৫১৪, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২১৭৯, আবূ দাউদ হা/৪৮৫৩, ইবনে মাজাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৩৭১৭, দারেমী আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ২৬৫৪

[2]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৬২৭০, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২১৭৭

Source — https://www.hadithbd.com/books/link/?id=8046

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন